দৈনিক ইত্তেফাক

২৬০

তারিখ ... AUG. 2 6 .1999 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৪ ....

# শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের বিক্ষোভ কর্মসূচী পালন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ভারতকে ট্রানজিট প্রদানের সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্রদলের উদ্যোগে গত মঙ্গলবার দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ সমাবেশের কর্মসূচী পালিত হয়। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবেশে বলা হয়, ছাত্রদলের নেতা-কর্মীরা জীবন দিবে, তবুও ট্রানজিট দিবে না। প্রয়োজনে সুইসাইড-স্কোয়াড গঠন করিয়া ট্রানজিট রুখিয়া দেওয়া হইবে। মনির হোসেনের সভাপতিত্বে কলাভবনের গেটে অনুষ্ঠিত সমাবেশে মঞ্জুরে এলাহী, মনোয়ার হোসেন রানা প্রমুখ বক্তব্য রাখেন।

তেজগাঁও কলেজে ছাত্রদলের এক সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নেতা হাসান মঞ্জুর, মামুন হাসান, ফখরুল ইসলাম রবিন, পারভেজ রিপন প্রমুখ। বক্তারা ট্রানজিট না দেওয়ার আহ্বান জানান।